

বিজিএ/সিএমসি/২০২৫/৫৪

তারিখঃ ১৮ মার্চ, ২০২৫

বিষয়ঃ আসন্ন ঈদ উল ফিতর'২৫ উপলক্ষ্যে পোশাক শিল্পের শ্রমিক-কর্মচারীদের ছুটি প্রদানকালীন সময়ে নিরাপদে আসা-যাওয়া নিয়ে কারখানা কর্তৃপক্ষের করণীয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, ঈদ উল ফিতর'২৫ এর সম্ভাব্য তারিখ হচ্ছে ০১লা এপ্রিল, ২০২৫ (মঙ্গলবার, চাঁদ দেখার উপর নির্ভরশীল)। আনন্দ ঘন উৎসব মুখর পরিবেশে শ্রমিক-মালিক সকলে মিলে ঈদ উদ্‌যাপন করার লক্ষ্যে রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের নিরাপদে গ্রামের বাড়ীতে যাওয়া-আসা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার জন্য বিনীতভাবে অনুরোধ জানাচ্ছিঃ

১. স্ব স্ব কারখানা, নিজস্ব শিপমেন্ট, কার্যাদেশ, প্রোডাকশানের সাথে সমন্বয় করে, যদি সুযোগ থাকে ঈদের ২/৩ দিন পূর্বে শ্রমিকদের ছুটি প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
২. ঈদের ছুটিতে সড়ক, রেল এবং লঞ্চ যাত্রায় একই দিন অতিরিক্ত শ্রমিকের চাপ কমানোর লক্ষ্যে সরকারের বিভিন্ন দপ্তর থেকে ধাপে ধাপে শ্রমিকদেরকে ঈদের ছুটি দেওয়ার জন্য বিজিএমইএ কে অনুরোধ করেছে।
৩. কারখানা কর্তৃপক্ষ যদি মনে করেন, রমজান মাসে বিভিন্ন সরকারী/সাণ্টাহিক ছুটির দিনে শ্রমিকদের সাথে আলোচনা করে জেনারেল ডিউটি করিয়ে সমন্বয় করতে পারবেন।
৪. কারখানা কর্তৃপক্ষ ও শ্রমিক কর্মচারীগণ কারখানায় আসার সময় এবং ছুটির পর যাওয়ার সময় কারখানার সিকিউরিটি টিম দ্বারা রাস্তা পারাপার করবেন, যাতে কোন রকম দুর্ঘটনা না ঘটে।
৫. ঈদের আগে শেষ কর্মদিবসে শ্রমিকদের ছুটির প্রাক্কালে, মাল বোঝাই করা ট্রাকে যাতায়াত না করা, অতিরিক্ত যাত্রী না হওয়া, তাড়াহুড়া করে রাস্তা পারাপার না করা, রাস্তায় যান চলাচল স্বাভাবিক রেখে ফুটপাথ দিয়ে পায়ে হাঁটা, সাধারণ মানুষের যাতায়াত/চলাচল বিঘ্ন না করা, অপরিচিত লোকের কাছ থেকে কিছু না খাওয়া ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক সতর্কতা শ্রমিকদেরকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।
৬. শেষ কর্মদিবসে শ্রমিকগণ নিরাপদে গ্রামের উদ্দেশ্যে যাত্রা করার লক্ষ্যে প্রয়োজনে কারখানা কর্তৃপক্ষ ৮/১০ জনের টিম গঠন করে (ইউনিফরম ও আইডি কার্ড প্রদর্শন করে) স্থানীয় ট্রাফিক ডিপার্টমেন্ট এর সাথে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৭. গোয়েন্দা সংস্থার রিপোর্ট মোতাবেক তৃতীয় কোন পক্ষ শ্রম অসন্তোষ হওয়ার মত ঘটনা ঘটানোর চেষ্টা করতে পারে, সেই দৃষ্টিকোণ থেকে আপনার কারখানায় শ্রম অসন্তোষ সংঘটিত হতে পারে এ ধরনের কোন সিদ্ধান্ত ঘোষণা করার পূর্বে, প্রয়োজনে স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনী, কলকারখানা অধিদপ্তর অথবা বিজিএমইএ এর সাথে আলোচনা করার অনুরোধ জানাচ্ছি।

আপনাদের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব, বিজিএমইএ

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •